ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজশাহী-৬২০৪
E-mail: registrar@ruet.ac.bd Website: www.ruet.ac.bd

স্মারক নং- ৪৮৫০ তারিখঃ ২৩/০৪/২০২৫ খ্রিঃ.

## ১ম বর্ষ স্নাতক কোর্সে (শিক্ষাবর্ষ ২০২৪-২০২৫) ৩য় (১ ও ২) পর্যায়ে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) ১ম বর্ষ স্নাতক (শিক্ষাবর্ষ ২০২৪-২০২৫) কোর্সের ভর্তি পরীক্ষা (লিখিত) গত ২০/০২/২০২৫ খ্রিঃ অনুষ্ঠিত হয় এবং উক্ত পরীক্ষার ফলাফল মোতাবেক মেধানুসারে ১ম ও ২য় পর্যায়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হয়। তবে আসন খালি থাকায় নিম্নলিখিত সময়সূচী মোতাবেক ইতোপূর্বে প্রকাশিত ফলাফল অনুসারে মেধানুযায়ী (সারণি ১ ও ২ মোতাবেক) ৩য় (১ ও ২) পর্যায়ে প্রার্থীদের ভর্তি করা হবে।

ক) ৩য় (১ ও ২) পর্যায়ে ভর্তির জন্য বিবেচিত প্রার্থীদের স্ব-শরীরে নিরীক্ষা বোর্ডের নিকট উপস্থিত হওয়ার সময়সূচীঃ

| পর্যায় | প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | স্থাপত্য বিভাগ | তারিখ, সময় ও স্থান | অবশ্য করণীয় |
|---|---|---|---|---|
| ৩য়(১) | মেধাক্রম ১৬৬৯-১৮৮৪ (সারণি-১) | মেধাক্রম ৬১-৮৮ (সারণি-২) | ২৮/০৪/২০২৫ খ্রিঃ সোমবার, সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত। স্থানঃ রুয়েট গেষ্ট হাউজ | ২৮/০৪/২০২৫ খ্রিঃ সোমবার, সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে অবশ্যই নিরীক্ষা বোর্ডে উপস্থিত হতে হবে। অন্যথায় প্রার্থী ভর্তির যোগ্যতা হারাবে। |
| ৩য়(২) (আসন খালি থাকা স্বাপেক্ষে মেধানুসারে) | মেধাক্রম ১৮৮৫-২৩০০ (সারণি-১) | মেধাক্রম ৮৯-৩০০ (সারণি-২) | ২৮/০৪/২০২৫ খ্রিঃ সোমবার, দুপুর ২.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। স্থানঃ রুয়েট গেষ্ট হাউজ | ২৮/০৪/২০২৫ খ্রিঃ সোমবার, দুপুর ১২.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে স্বশরীরে রুয়েট গেষ্ট হাউজ এর নিচ তলায় লবিতে অবশ্যই উপস্থিত হতে হবে। অন্যথায় প্রার্থী ভর্তির যোগ্যতা হারাবে। |

### খ) প্রার্থীদের করণীয়

যাচাই-বাছাই কমিটি দ্বারা প্রার্থীদের সনদপত্রাদি যাচাইপূর্বক জমাদানের পর ঐ দিনই স্বাস্থ্য পরীক্ষা করা হবে। পরের দিন অর্থাৎ ২৯/০৪/২০২৫ খ্রিঃ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় প্রাপ্ত বিভাগ দেখে ভর্তির জন্য নির্ধারিত ফি ১৮৫০০/- (আঠারো হাজার পাঁচ শত টাকা মাত্র) রূপালী ব্যাংক পিএলসি, রুয়েট শাখায় একই দিন (২৯/০৪/২০২৫ খ্রিঃ) দুপুর ২.০০ ঘটিকার মধ্যে জমা প্রদান করে ভর্তি নিশ্চিত করতে হবে। তবে কোন প্রার্থী ভর্তির দিন ভর্তি কার্যক্রম সমাপ্ত করে একই দিনে ভর্তির জন্য নির্ধারিত ফি কর্তৃপক্ষের অনুমতিক্রমে উল্লেখিত ব্যাংকে জমা দিতে পারবে।

### গ) ভর্তির সময় প্রার্থীকে যে সমস্ত সনদপত্রাদি যাচাই-বাছাই কমিটির নিকট দাখিল করতে হবে

১। অনলাইনে পূরনকৃত প্রিন্টেড ভর্তি ফরমের কপি।
২। মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র।
৩। মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।
৪। শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড।
৫। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশিট এর মূলকপি।
৬। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার প্রশংসাপত্রের মূলকপি।
৭। সদ্য স্টুডিওতে তোলা (অনধিক ০৩ মাস) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়ন ব্যতিত)।
৮। স্বাক্ষর সম্বলিত রুয়েট এর লিখিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।

### ঘ) স্বাস্থ্য পরীক্ষাঃ

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) এর স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ড ভর্তির জন্য বিবেচিত সকল প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করবেন। স্বাস্থ্য পরীক্ষায় যদি হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ত্রুটি অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন অথবা পেশাগত কার্য নির্বাহ প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটির নিকট প্রতীয়মান হয়, তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে গণ্য করা হবে। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তির দিনে কোন প্রতিষ্ঠিত ডায়াগনষ্টিক সেন্টার থেকে "Blood Group Test" এর রিপোর্ট নিয়ে আসতে হবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত চিকিৎসা বোর্ডের নিকট জমা দিতে হবে। প্রয়োজনবোধে চিকিৎসা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় মেডিকেল টেষ্ট রিপোর্ট যথাসময়ে দাখিল করতে হবে এবং সংশ্লিষ্ট চিকিৎসা বোর্ডের নির্দেশনা মোতাবেক জমা দিতে হবে। মেডিকেল টেষ্টের দিন চশমা ব্যবহারকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই চশমা সঙ্গে আনতে হবে।

ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admission.ruet.ac.bd/) থেকে স্বাস্থ্য পরীক্ষার জন্য নির্ধারিত ফরম ডাউনলোড করা যেতে পারে।

ঙ) ভর্তি সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী:

- প্রার্থী ভর্তির নির্ধারিত দিনে ও সময়ে উপস্থিত না হলে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।
- ভর্তিকৃত ছাত্র-ছাত্রী নিজে উপস্থিত থেকে ভর্তি বাতিলের আবেদন করতে পারবে। অভিভাবক বা অন্য কারো মাধ্যমে ভর্তি বাতিলের সুযোগ নেই।
- ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর প্রদত্ত কোন তথ্য পরবর্তীতে ভুল প্রমাণিত হলে ভর্তি এবং ছাত্রত্ব বাতিল হবে।
- ৩য় পর্যায়ে ভর্তির পর ভর্তিকৃত প্রার্থীর প্রাপ্ত বিভাগ ও মোট শূন্য আসন সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং তদনুযায়ী পরবর্তী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা ৩০/০৪/২০২৫ খ্রি. এর মধ্যে ভর্তি পরীক্ষার ওয়েব সাইটে (https://admission.ruet.ac.bd/) দেয়া হবে।
- আসন খালি থাকা সাপেক্ষে ওরিয়েন্টশনের দিন পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলমান থাকবে। ভর্তি বাতিলজনিত কারনে কোন আসন শূন্য হলে প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে Auto Migration চলবে। তবে আবেদন করে Auto Migration বন্ধ করা যাবে। উল্লেখ্য যে, একবার Auto Migration বন্ধ করলে তা আর চালু করা যাবে না।
- প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে সর্বশেষ Auto Migration সম্পন্ন হওয়ার পর প্রাপ্ত বিভাগেই ক্লাস শুরু করতে হবে।
- ভর্তিকৃত কোন প্রার্থীর ভর্তি বাতিল করতে হলে ভর্তি বাতিলের নিয়মাবলী মেনে ওরিয়েন্টেশনের পূর্ব পর্যন্ত ভর্তি বাতিল করতে পারবে। ক্লাস শুরুর পর ভর্তি বাতিল করতে হলে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী বাতিল করতে হবে।
- অনিবার্য কারণবশতঃ ভর্তির তারিখ পরিবর্তন করা হলে, তা ভর্তি পরীক্ষার ওয়েবসাইট এর মাধ্যমে প্রকাশ করা হবে।
- ভর্তি সংক্রান্ত বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**গুরুত্বপূর্ণ তারিখসমূহ**

| | | |
|---|---|---|
| ১। | মেধা তালিকা থেকে ৩য় পর্যায়ে ভর্তি | ২৮/০৪/২০২৫ খ্রি. |
| ২। | ৩য় পর্যায়ে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রাপ্ত বিভাগ প্রকাশ | ২৯/০৪/২০২৫ খ্রি. |
| ৩। | আসন খালি থাকা স্বাপেক্ষে পরবর্তী ভর্তির নোটিস প্রকাশ | ৩০/০৪/২০২৫ খ্রি. |
| ৪। | সম্ভাব্য ওরিয়েন্টশন | ০৮/০৫/২০২৫ খ্রি. |
| ৫। | সম্ভাব্য ক্লাশ শুরু | ১০/০৫/২০২৫ খ্রি. |

(অধ্যাপক ড. মোঃ রবিউল ইসলাম)
সভাপতি
১ম বর্ষ স্নাতক ভর্তি পরীক্ষা কমিটি (শিক্ষাবর্ষঃ ২০২৪-২০২৫)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. মাননীয় ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়।
২. সকল সদস্য, ১ম বর্ষ স্নাতক ভর্তি পরীক্ষা কমিটি (শিক্ষাবর্ষঃ ২০২৪-২০২৫)।
৩. পরিচালক, আইসিটি সেল, রুয়েট। (বিজ্ঞপ্তিটি ভর্তি পরীক্ষা সংক্রান্ত ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৪. উপ-পরিচালক (জনসংযোগ), প্রেস এন্ড পাবলিকেশন, রুয়েট (ফলাফল বিভিন্ন মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫. সংরক্ষন নথি।

২৬.০৪.২০২৫
(আরিফ আহম্মদ চৌধুরী)
সদস্য-সচিব
১ম বর্ষ স্নাতক ভর্তি পরীক্ষা কমিটি (শিক্ষাবর্ষঃ ২০২৪-২৫)
ও
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়